রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ২৯, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শিল্প মন্ত্রণালয়**
**নীতি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ সেপ্টেম্বর ২০২২

নং ৩৬.০০.০০০০.০৬০.২২.০১০.২০-১৯৮—বিগত ২২ আগস্ট ২০২২/০৭ ভাদ্র ১৪২৯ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকে 'হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প উন্নয়ন নীতিমালা ২০২২' অনুমোদিত হয়েছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সলিম উল্লাহ**
সিনিয়র সহকারী সচিব।

**অধ্যায়- ১**

**ভূমিকা**

২০৩১ সালের মধ্যে উচ্চ মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত দেশ হওয়ার লক্ষ্য নিয়ে সমৃদ্ধ আগামীর পথযাত্রা অনুসরণ করে প্রবৃদ্ধি ও উন্নয়নের পথে বাংলাদেশ দৃঢ় পদক্ষেপে এগিয়ে চলেছে। গত এক দশকে বাংলাদেশের জিডিপি ধারাবাহিকভাবে বৃদ্ধি পেয়েছে এবং এতে শিল্প ও সেবা খাতের অবদান ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে।

একটি উন্নত দেশের মর্যাদা লাভের জন্য দেশের সামগ্রিক উন্নয়নে কৃষিখাত থেকে শিল্প এবং সেবা খাতে রূপান্তর অতীব প্রয়োজন। হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প খাত স্থানীয় শিল্পকে ক্যাপিটাল মেশিনারী, স্পেয়ার পার্টস এবং কম্পোন্যান্টস সরবরাহ করার পাশাপাশি


মূল্য : টাকা ২৪.০০

মেরামত সেবা প্রদানের মাধ্যমে স্থানীয় শিল্পের প্রসার বৃদ্ধি ও বিকাশে উল্লেখযোগ্য অবদান রাখে। অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এসডিজি লক্ষ্যমাত্রা বাস্তবায়নের অংশ হিসেবে টেকসই উন্নয়নের জন্য কার্যকর অংশীদারিত্বের উপর জোর দেয়া হয়েছে। এটা অনস্বীকার্য যে, কর্মসংস্থান সৃষ্টি, শিল্পের অগ্র-পশ্চাৎ সংযোগ বজায় রাখা এবং শিল্প প্রবৃদ্ধি অর্জনে এ শ্রম-নিবিড় হালকা প্রকৌশল শিল্পের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

দেশের অর্থনীতি ও শিল্প বিকাশে হালকা প্রকৌশল (Light Engineering) খাতের অবদান বিবেচনা করে এ খাতের টেকসই এবং ভারসাম্যপূর্ণ বিকাশকে গুরুত্ব দেয়া হয়েছে এবং এ খাতকে গতিশীল করতে মাননীয় প্রধানমন্ত্রী ২০২০ সালের জন্য 'হালকা প্রকৌশল (Light Engineering) পণ্যকে' বছরের পণ্য হিসাবে ঘোষণা করেছিল। বর্তমান জাতীয় রপ্তানি নীতি ২০২১-২০২৪ এ হালকা প্রকৌশল (Light Engineering) শিল্পকে উচ্চ অগ্রাধিকার প্রাপ্ত খাত হিসাবে স্বীকৃতি প্রদান করা হয়েছে এবং প্রস্তাবিত জাতীয় শিল্পনীতি ২০২২ এ অন্তর্ভুক্ত করা হয়েছে।

হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প মূলতঃ বেসিক এবং প্রচলিত প্রযুক্তি ব্যবহার করে বিধায় এর উৎপাদনশীলতা, পণ্য ও সেবার গুণগতমানের কতিপয় সীমাবদ্ধতা রয়েছে। হালকা প্রকৌশল (Light Engineering) শিল্পের সার্বিক সমস্যার মধ্যে অবকাঠামোগত সুবিধার অভাব, উন্নত প্রযুক্তির অভাব, সহজ শর্তে অর্থায়ন সুবিধার অপ্রতুলতা, প্রতিযোগী সক্ষম দক্ষ মানবসম্পদের অভাব, মানসম্পন্ন কাঁচামাল যোগানের অভাব এবং টেষ্টিং ও সার্টিফিকেশন সুবিধার অভাব উল্লেখযোগ্য। এ সমস্যাবলী সমাধানে একটি পৃথক নীতিমালা প্রয়োজন, যার মাধ্যমে বাংলাদেশের হালকা প্রকৌশল (Light Engineering) শিল্পের সুষম বিকাশে উপযুক্ত পরিবেশ তৈরি করা যায়।

হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প খাতের যাবতীয় বিষয়াদি সুচারুরূপে উন্নয়নে সুনির্দিষ্ট দিক নির্দেশনা সম্বলিত একটি হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প উন্নয়ন নীতিমালা প্রণয়ন অতীব জরুরি। অগ্র-পশ্চাৎ সংযোগ শিল্পের প্রসারের মাধ্যমে দেশের শিল্পোন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি এবং আর্থ-সামাজিক উন্নয়নে হালকা প্রকৌশল (Light Engineering) শিল্পের গুরুত্বপূর্ণ ভূমিকার বিষয়টি বিবেচনা করে সরকার এ খাতের টেকসই বিকাশে পূর্ণ সহযোগিতা প্রদানে হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প উন্নয়ন নীতিমালা ২০২২ প্রণয়ন করেছে।

## অধ্যায়- ২

## ভিশন, মিশন, লক্ষ্য ও উদ্দেশ্য

### ২.১. রূপকল্প (ভিশন):

হালকা প্রকৌশল (Light Engineering) শিল্পের টেকসই ও উন্নত প্রযুক্তি আহরণ এবং বিদ্যমান প্রযুক্তির উন্নয়নে শক্তিশালী ভিত্তি তৈরি করা।

### ২.২ অভিলক্ষ্য (মিশন) :

চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলার সক্ষমতা অর্জন উপযোগী কার্যকর অবকাঠামোগত উন্নয়ন, দক্ষ মানবসম্পদ সৃষ্টি, ব্যবসা পরিবেশ উন্নয়ন, বাজার সম্প্রসারণ, মান উন্নতকরণ ও পণ্য বৈচিত্র্যকরণের মাধ্যমে হালকা প্রকৌশল (Light Engineering) শিল্পের শক্তিশালী ভীত তৈরী করা।

২.৩ **লক্ষ্য:**

২০২৭ সালের মধ্যে জিডিপিতে শিল্প খাতের অবদান ৪০ শতাংশে উন্নীত করণের সহায়ক শক্তি হিসেবে একটি আধুনিক, প্রতিযোগিতামূলক এবং টেকসই সরবরাহ চেইনসম্বলিত দেশীয় হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প উৎপাদনের শক্তিশালী ভিত তৈরীর পাশাপাশি দেশের অর্থনীতিতে এ খাতের অবদান উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি করা।

২.৪ **উদ্দেশ্য:**

২.৪.১ হালকা প্রকৌশল (Light Engineering) শিল্পের ধারাবাহিক উন্নয়ন বিকশিত করণে বিভিন্ন উপখাতের সম্ভাব্য পণ্য ও সেবা চিহ্নিত করা;

২.৪.২ প্রতিযোগিতা সক্ষমতা অর্জন উপযোগী অভ্যন্তরীণ ও রপ্তানিমুখী উৎপাদনে নিয়োজিত শিল্পসমূহে দেশে উৎপাদিত আন্তর্জাতিক মানের মূলধনী যন্ত্রপাতি, স্পেয়ার পার্টস সরবরাহ এবং সংশ্লিষ্ট মেরামত সেবা প্রদানে সক্ষম হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প প্রতিষ্ঠা;

২.৪.৩ উচ্চ মানের পণ্য উৎপাদন ও সেবা সম্প্রসারণ নিশ্চিত করতে প্রয়োজনীয় অবকাঠামো তৈরীতে পর্যাপ্ত সংখ্যক হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প পার্ক, শিল্প ক্লাষ্টার ও কমন ফ্যাসিলিটি সেন্টার স্থাপন করা;

২.৪.৪ বাংলাদেশে হালকা প্রকৌশল (Light Engineering) শিল্পের কার্যকর সম্প্রসারণে শিল্প-বান্ধব পরিবেশ তৈরীতে পর্যাপ্ত অর্থ প্রাপ্তির সুযোগ সৃষ্টি, কর ও শুল্ক প্রণোদনা প্রদান, আর্থিক ও অ-আর্থিক সুবিধা প্রাপ্তি নিশ্চিত করা;

২.৪.৫ হালকা প্রকৌশল (Light Engineering) শিল্পের কারিগরি দক্ষতা বৃদ্ধিকল্পে চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা উপযোগী পরিবেশ সম্মত, সাশ্রয়ী ও গ্রহণযোগ্য অত্যাধুনিক প্রযুক্তি আহরণে বিশেষ কর্মসূচি গ্রহণ;

২.৪.৬ আন্তর্জাতিক মানের মধ্যবর্তী পণ্য (Intermidiate Goods) উৎপাদনের মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক বাজারে হালকা প্রকৌশল (Light Engineering) পণ্য ও সেবার সহজ প্রবেশ ও মেইড ইন বাংলাদেশ ব্র্যান্ড তৈরীর কার্যকর পদক্ষেপ গ্রহণ;

২.৪.৭ স্থানীয়ভাবে ইঞ্জিনিয়ারিং কলাকৌশলে উৎকর্ষতা অর্জনে হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প পণ্য উৎপাদনে গবেষণা ও উন্নয়ন কার্যক্রমের প্রসার, মেটাল রিসার্চ ইন্সটিটিউট প্রতিষ্ঠা, উদ্ভাবন ও উন্নয়নের মাধ্যমে পণ্য বৈচিত্রায়নের উপযুক্ত পরিবেশ সৃষ্টি করা;

২.৪.৮ হালকা প্রকৌশল (Light Engineering) শিল্পের বাজার সম্প্রসারণে প্রয়োজনীয় গবেষণা কার্যক্রম গ্রহণ এবং এ শিল্পের টেকসই প্রসারে উপযুক্ত কৌশলপত্র প্রণয়ন ও তা বাস্তবায়নে পরিকল্পনা গ্রহণ;

২.৪.৯ হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়, সরকারি সংস্থা, বেসরকারি খাত, এসোসিয়েশন, উন্নয়ন অংশীদারকে একটি একক প্ল্যাটফর্মের আওতায় আনা এবং এ খাতের বিদ্যমান সমস্যাসমূহ সমাধানে কার্যকর সমন্বয় সাধন।

## অধ্যায়- ৩

## সংজ্ঞা

৩.১ হালকা প্রকৌশল (Light Engineering) পণ্য অর্থ ধাতব ও অধাতব বস্তু ব্যবহার করে বিভিন্ন ধরনের মেশিনারী, যন্ত্রপাতি এবং যন্ত্রাংশ উৎপাদন, উন্নয়ন বা ডিজাইনকরণ যা প্রকৌশল বা প্রযুক্তির সমন্বয়ে ম্যানুয়াল, সেমিঅটোমেটিক বা অটোমেটিক পদ্ধতি ব্যবহার করে করা হয়।

৩.২ হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প বলতে জাতীয় শিল্পনীতিতে সংজ্ঞায়িত অরিজিনাল ইকুইপমেন্ট ম্যানুফেকচারিং (ওইএম) বা ইন্টারমিডিয়েট কম্পোন্যান্ট ম্যানুফেকচারিং প্রতিষ্ঠান যারা নানা ধরনের প্রযুক্তিগত কৌশল ব্যবহার করে বিভিন্ন ইকুইপমেন্ট, কম্পোন্যান্ট বা ফিনিশড পণ্য উৎপাদন করে তাদেরকে বোঝাবে;

৩.৩ ভেন্ডর অর্থ জাতীয় রাজস্ব বোর্ড বা বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ বা বিসিক কর্তৃক নিবন্ধিত প্রতিষ্ঠান যা কমপ্লিট পার্টস, কম্পোন্যান্ট বা ফিনিশড বা সেমি ফিনিশড পণ্য উৎপাদন করে;

৩.৪ সাব-কন্ট্রাক্টিং অর্থ কোনো পাবলিক বা প্রাইভেট খাতের প্রতিষ্ঠানের মাধ্যমে সুনির্দিষ্ট কতিপয় শর্ত বা শর্তাধীন নির্দিষ্ট চুক্তির মাধ্যমে কোনো পণ্য উৎপাদন মৌল কার্যক্রম আউটসোর্স করা;

৩.৫ কমন ফ্যাসিলিটি সেন্টার অর্থ এমন প্রতিষ্ঠান যা বিভিন্ন শিল্প ক্লাষ্টারে অবস্থিত বিভিন্ন হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প কারখানাসমূহের উৎপাদিত পণ্যের মান সংরক্ষণ, সার্টিফিকেট প্রদান, প্রশিক্ষণের ব্যবস্থাকরণ, গবেষণা ও উন্নয়ন পরিষেবা কার্যক্রম সম্পাদনে সক্ষম;

৩.৬ মেটাল ব্যাংক অর্থ বেইস মেটালের সংরক্ষিত পণ্যাগার (ষ্টক ও ইনভেন্টরী) যা পরবর্তীতে কোনো কাঙ্ক্ষিত পণ্য তৈরিতে সুলভে ব্যবহার করা যায়; এবং

৩.৭ বেস মেটাল এলয় হলো এমন ধাতব পদার্থ যা যথাক্রমে ইস্পাত, পিতল বা ব্রোঞ্জ যা দুই বা ততোধিক ধাতুর মিশ্রণ বা নন মেটালিক উপাদান সমন্বয়ে গঠিত।

## অধ্যায়- ৪

## বাস্তবায়ন কৌশল

৪.১ **কৌশলগত লক্ষ্য ১: অবকাঠামোগত উন্নয়ন**

৪.১.১ দেশের বিদ্যমান হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প ক্লাষ্টারসমূহের অবকাঠামোগত উন্নয়নে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হবে। এ লক্ষ্যে প্রয়োজনীয় ইউটিলিটি সেবার নিরবিচ্ছিন্ন সরবরাহ নিশ্চিত করার উপর গুরুত্ব আরোপ করা হবে;

৪.১.২ দেশের সকল বিভাগে প্রয়োজনীয় সংখ্যক হালকা প্রকৌশল শিল্প পার্ক গড়ে তোলা হবে যাতে করে সামগ্রিক শিল্প উন্নয়ন নিশ্চিত করা যায়;

৪.১.৩ এ খাতের উন্নয়নে বিদ্যমান উদ্যোক্তাদের শিল্প কারখানা সম্প্রসারণে বিদ্যমান ক্লাষ্টার, অর্থনৈতিক অঞ্চল, রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা, বিসিক শিল্প নগরী বা হাইটেক পার্কে বিশেষ ভর্তুকি মূল্যে প্রয়োজনীয় ভূমি বরাদ্দ করা হবে;

৪.১.৪ উন্নত প্রযুক্তি ব্যবহার করে এ খাতের রপ্তানিযোগ্য বা আমদানি বিকল্প পণ্য উৎপাদন সংশ্লিষ্ট সম্ভাবনাময় শিল্প উদ্যোক্তাদের সহায়তাকরণে বিসিকের উদ্যোগে প্রয়োজনীয় সংখ্যক ইন্ডাস্ট্রিয়াল সেড নির্মাণ করত দ্রুত কার্যক্রম গ্রহণের সুবিধা নিশ্চিত করা হবে; এবং

৪.১.৫ হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প ক্লাষ্টার ও কারখানাগুলোতে ব্যবসায়িক যোগাযোগ উন্নতকরণে আইসিটি অবকাঠামোগত সুবিধার উন্নয়ন ঘটানো হবে।

৪.২ **কৌশলগত লক্ষ্য ২: প্রযুক্তির আধুনিকায়ন ও উন্নয়ন**

৪.২.১ হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প খাতের উদ্যোক্তাদের আধুনিক ও আন্তর্জাতিক মানের পণ্য উৎপাদন বৃদ্ধি ও উন্নত প্রযুক্তি ব্যবহারে প্রশিক্ষণের লক্ষ্যে বিটাক ও অন্যান্য সরকারি/বেসরকারি কারিগরি প্রতিষ্ঠানসমূহকে আধুনিকীকরণ করা হবে;

৪.২.২ চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিদ্যমান হালকা প্রকৌশল (Light Engineering) শিল্পে উন্নত ও আধুনিক প্রযুক্তির ব্যবহার সংক্রান্ত মূল্যায়ন (এসেসম্যান্ট) কার্যক্রম গ্রহণের উদ্যোগ নেয়া হবে;

৪.২.৩ প্রযুক্তি সংশ্লিষ্ট টেকনোলজি ইন্সটিটিউট ও হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প কারখানার সাথে আন্তঃসহযোগিতা কার্যক্রম জোরদার করা হবে যাতে প্রযুক্তিগত উন্নয়ন ও এর ব্যবহার বৃদ্ধিতে পারস্পারিক সহায়তা নিশ্চিত করা যায়;

৪.২.৪ গবেষণা প্রতিষ্ঠান ও প্রযুক্তি সহায়তা কেন্দ্রসমূহের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করা হবে যাতে হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প খাতের পণ্য উন্নয়ন ও উৎপাদন ব্যবস্থাপনা নিশ্চিত করা যায়;

৪.২.৫ সরকারি-বেসরকারি অংশীদারিত্বের ভিত্তিতে দেশের হালকা প্রকৌশল (Light Engineering) ক্লাষ্টারে ‘কমন ফ্যাসিলিটি সেন্টার’ তৈরী করা হবে যাতে এ খাতের সুলভ সেবা নিশ্চিত করা যায়;

৪.২.৬ হালকা প্রকৌশল (Light Engineering) শিল্পে নতুন, আধুনিক ও উন্নত প্রযুক্তির ব্যবহার সহজলভ্য ও সম্প্রসারণে স্বল্প সুদে ঋণ সুবিধাসম্বলিত বিশেষ তহবিল গঠন করা হবে;

৪.২.৭ পণ্য উৎপাদনে উদ্ভাবন ও প্রযুক্তির উন্নয়নে প্রযুক্তি সংশ্লিষ্ট টেকনলজি ইন্সটিটিউট ও হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প কারখানার সাথে আন্তঃসহযোগিতা বৃদ্ধিতে উৎসাহ প্রদান করা হবে; এবং

৪.২.৮ নতুন উদ্যোক্তাদের উদ্ভাবনমূলক হালকা প্রকৌশল (Light Engineering) পণ্য উৎপাদন ও এ সংক্রান্ত প্রকল্প গ্রহণ উৎসাহিতকরণে প্রয়োজনীয় তহবিল যোগানে ভেঞ্চার ক্যাপিটাল ফান্ড গঠন করা হবে।

**৪.৩ কৌশলগত লক্ষ্য ৩: অগ্র-পশ্চাৎ সংযোগ উন্নয়ন**

৪.৩.১ সম্ভাবনাময় হালকা প্রকৌশল (Light Engineering) পণ্য (যেমন মোটর সাইকেল, বাই-সাইকেল, অটোমোবাইল, ভারি মেশিনারী, কৃষি যন্ত্রপাতি ইত্যাদি) আন্তর্জাতিক মান বা সমপর্যায়ে মান অনুসরণে দেশীয়ভাবে প্রস্তুতে দীর্ঘ মেয়াদী চুক্তিতে ভেন্ডর উন্নয়ন কার্যক্রম গ্রহণ করা হবে;

৪.৩.২ বৃহৎ উৎপাদকদের সহায়তা প্রদানে পশ্চাৎ সংযোগ সৃজনে মধ্যবর্তী পণ্য উৎপাদনের উন্নয়ন ও প্রসার ঘটানো হবে এবং মধ্যবর্তী পণ্যের উন্নয়ন ও প্রসার ঘটাতে বিশেষ সুবিধা প্রদান করা হবে;

৪.৩.৩ বিটাক কর্তৃক বেসিক মেটাল বা এলোয় এর মাধ্যমে হালকা প্রকৌশল পণ্য উন্নয়ন সুবিধার্থে Raw Material Bank স্থাপনের প্রয়োজনীয় উদ্যোগ নেয়া হবে;

৪.৩.৪ উচ্চ মূল্য সংযোজনকারী স্থানীয়ভাবে হালকা প্রকৌশল (Light Engineering) পণ্য উৎপাদনকারী বা সংযোজনকারী প্রতিষ্ঠানকে শিল্প কারখানা হিসেবে বিশেষ প্রণোদনা প্রদানে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক এসআরও জারির প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে; এবং

৪.৩.৫ স্থানীয়ভাবে প্রস্তুতকৃত হালকা প্রকৌশল (Light Engineering) পণ্যের বাই-ব্যাক (Buy-back) ব্যবস্থাপনা কর প্রণোদনার অন্তর্ভুক্ত হবে।

**৪.৪ কৌশলগত লক্ষ্য ৪: মানব সম্পদ উন্নয়ন**

৪.৪.১ হালকা প্রকৌশল (Light Engineering) শিল্পের দক্ষতা বৃদ্ধিতে বিদ্যমান ট্রেনিং সেন্টারসমুহের কোর্স আধুনিকায়নে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের সহায়তায় এ সংক্রান্ত কারিকুলাম ও প্রশিক্ষণ অবকাঠামোর উন্নয়ন সাধন করা হবে;

৪.৪.২ নতুন উদ্যোক্তা ও যুবকদের হালকা প্রকৌশল (Light Engineering) শিল্পের দক্ষতা উন্নয়নে উন্নত প্রযুক্তির দক্ষতা বিকাশ পাঠ্যক্রম (Advanced Technical Skills Development Course) চালু করা হবে। দক্ষতা উন্নয়ন কেন্দ্রসমূহের Up-skilling/Re-skilling কার্যক্রম গ্রহণে উদ্বুদ্ধ করা হবে;

৪.৪.৩ চতুর্থ শিল্প বিপ্লব এর চ্যালেঞ্জ মোকাবেলা উপযোগী হালকা প্রকৌশল (Light Engineering) পণ্য উৎপাদন বা প্রসেস সংক্রান্ত উন্নত প্রযুক্তির জ্ঞাণ আহরণে বিভিন্ন মেয়াদে প্রশিক্ষণ প্রদানে প্রয়োজনীয় অর্থায়ন নিশ্চিত করা হবে;

৪.৪.৪ হালকা প্রকৌশল (Light Engineering) শিল্পে প্রশিক্ষণে নিয়োজিত সকল ট্রেনিং ইন্সটিটিউট ও সার্টিফিকেট প্রদানকারী প্রতিষ্ঠানের জন্য অ্যাপ্রেন্টিসশিপ (Apprenticeship) ট্রেনিং প্রদান বাধ্যতামূলক করা হবে;

৪.৪.৫ টেকনিক্যাল ট্রেনিং ইন্সটিটিউট ও হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প কারখানার মধ্যে কার্যকর সংযোগ স্থাপন করা হবে যাতে যথাযথ পরিকল্পনা প্রণয়ন ও তা বাস্তবায়ন করত কারখানাসমূহে নিয়মিত দক্ষ কর্মীর যোগান নিশ্চিত করা যায়; এবং

৪.৪.৬ সময়ে সময়ে প্রযুক্তিগতভাবে শক্তিশালী ও উন্নত দেশ থেকে বিশেষজ্ঞ দ্বারা মাষ্টার ট্রেইনার তৈরীর কার্যক্রম গ্রহণ করা হবে।

**৪.৫ কৌশলগত লক্ষ্য ৫: বাজার উন্নয়ন ও সম্প্রসারণ**

৪.৫.১ জাতীয় ও আন্তর্জাতিক বাজারে হালকা প্রকৌশল (Light Engineering) পণ্যের Made in Bangladesh ব্র্যান্ড তৈরী ও প্রসারে সহায়তা করা হবে। সরকারি ক্রয়ে দেশীয়ভাবে তৈরী গুণগতমানসম্পন্ন হালকা প্রকৌশল পণ্য সর্বাধিক অগ্রাধিকার পাবে;

৪.৫.২ হালকা প্রকৌশল (Light Engineering) পণ্যের প্রসারে জাতীয় ও আন্তর্জাতিকভাবে বাজার উন্নয়ন ও পণ্য প্রচার ইভেন্টের আয়োজন করা হবে। এ ক্ষেত্রে, বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনগুলো বাংলাদেশ ব্র্যান্ডের তৈরি ও বহুল প্রচারের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে;

৪.৫.৩ সাব-কন্ট্রাক্টিং বিধিমালার পূর্ণ বাস্তবায়নে মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা/ট্রেডবডিজ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে;

৪.৫.৪ হালকা প্রকৌশল (Light Engineering) পণ্য ও সেবার প্রয়োজনীয় মান নিয়ন্ত্রণ ও কমপ্ল্যায়ান্স অনুসরণে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হবে। এ খাতের উৎপাদনশীলতা বৃদ্ধি, গুণগতমান নিয়ন্ত্রণ ও নির্ধারিত মান সংরক্ষণে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে। বিশেষ করে Complianced light Engineering শিল্প কারখানাসমূহ অধিকতর উন্নয়নে বিশেষ প্রণোদনা সহযোগিতা পাবে;

৪.৫.৫ ক্রমান্বয়ে আমদানী নির্ভরতা কমাতে স্থানীয় উৎপাদন ও বাজার সম্প্রসারণে উদ্যোগ গ্রহণ করা হবে। ট্রেডবডির সহায়তায় নিয়মিত সভা আয়োজন করা হবে;

৪.৫.৬ হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প পণ্য ও সেবার বহুল প্রচারে প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়াকে উৎসাহ প্রদান করা হবে;

৪.৫.৭ প্রতিবেশী দেশের পাশাপাশি আফ্রিকা ও এশিয়ার সম্ভাবনাময় দেশ গুলোতে বাজার প্রসার ও উন্নয়নে সর্বোচ্চ গুরুত্ব আরোপ করা হবে; এবং

৪.৫.৮ দেশিয় ও আন্তর্জাতিক পর্যায়ে আয়োজিত বিভিন্ন মেলায় কার্যকরভাবে অংশগ্রহণে এ খাতে বিশেষ সহায়তা প্রদান করা হবে।

**৪.৬ কৌশলগত লক্ষ্য ৬: গবেষণা ও উন্নয়ন (Research and Development)**

৪.৬.১ সম্ভাবনাময় হালকা প্রকৌশল (Light Engineering) শিল্পের তালিকা প্রস্তুত করার জন্য Mapping কার্যক্রম গ্রহণ করা হবে। হালকা প্রকৌশল (Light Engineering) শিল্পের গবেষণা ও উন্নয়নের জন্য প্রয়োজনীয় বরাদ্দ রাখা হবে;

৪.৬.২ হালকা প্রকৌশল (Light Engineering) পণ্য উন্নয়ন/উদ্ভাবনে বিভিন্ন প্রযুক্তি উদ্ভাবন ও গবেষণা কেন্দ্র কর্তৃক একশন রিসার্চকে উৎসাহ প্রদান করা হবে এবং এ লক্ষ্যে হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প কারখানার মধ্যে সমন্বয় ও আন্তঃসংযোগ বৃদ্ধি করা হবে;

৪.৬.৩ বাংলাদেশ শিল্প গবেষণা পরিষদ, বিএসটিআই, বিশ্ববিদ্যালয়সমূহের গবেষণাগারের সহায়তায় বিভিন্ন টেকনোলজিক্যাল ইন্সটিটিউটে ও বিটাকে ধাতব গবেষণা ল্যাবরেটরী (Metal Research Lab) স্থাপন করা হবে যাতে করে হালকা প্রকৌশল (Light Engineering) পণ্যের গুণগত মানের নিশ্চয়তা প্রদানে প্রয়োজনীয় সহযোগিতা পাওয়া যায়;

৪.৬.৪ প্রাথমিক পর্যায়ে রিভার্স ইঞ্জিনিয়ারিং কৌশল কে উৎসাহ প্রদান করা হবে। এ লক্ষ্যে, দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণের মাধ্যমে এ শিল্প সংশ্লিষ্ট টেকনিক্যাল ও রিসার্চ ইন্সটিটিউটের সক্ষমতা বৃদ্ধি করা হবে;

৪.৬.৫ হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প খাতে উদ্ভাবন ও উন্নয়নে তরূণ উদ্যোক্তাদের অগ্রাধিকার প্রদান করা হবে। এ ক্ষেত্রে, গবেষকদের গুণগত মানের গবেষণা কার্যক্রম পরিচালনায় উৎসাহ প্রদানে গবেষণা ও উন্নয়ন তহবিল (রিসার্চ এন্ড ডেভেলাপম্যান্ট ফান্ড) গঠন করা হবে; এবং

৪.৬.৬ হালকা প্রকৌশল (Light Engineering) শিল্পে নতুন পণ্য উদ্ভাবন, প্রযুক্তি হস্তান্তর, বিশেষজ্ঞ বিনিময় বা মাষ্টার ট্রেইনার সৃষ্টি কার্যক্রমে সহায়তা লাভে দেশ/বিদেশের প্রষিতযশা প্রতিষ্ঠানের সাথে আন্তঃসহযোগিতা বৃদ্ধি করা হবে।

৪.৭ **কৌশলগত লক্ষ্য ৭: শিল্প ক্লাষ্টার উন্নয়ন**

৪.৭.১ হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প খাতের প্রধান পণ্য ও সেবাসমূহ চিহ্নিত করে তাদের টেকসই উন্নয়ন নিশ্চিত কল্পে দেশব্যাপি সম্ভাব্য শিল্প ক্লাষ্টার স্থাপন করা হবে;

৪.৭.২ হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প ক্লাষ্টারসমূহের সমস্যা ও সম্ভাবনাসমূহ সূচারুরূপে মূল্যায়ন করা হবে যাতে যথাযথ কৌশল নিরূপন করত: বাস্তবায়ন করা যায়;

৪.৭.৩ হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প ক্লাষ্টারসমূহে স্বল্প সুদে সহজ শর্তে তহবিল প্রাপ্তি, নিরবিচ্ছিন্ন ইউটিলিটি সেবা প্রদান, সুলভে কাঁচামাল প্রাপ্তি, প্রযুক্তি উন্নয়ন ও বাজার সম্প্রসারণ ইত্যাদি সুবিধাসমূহ নিশ্চিত করা হবে;

৪.৭.৪ হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প ক্লাষ্টার উন্নয়নে প্রয়োজনে বিদেশ থেকে বিশেষজ্ঞ এনে পর্যাপ্ত প্রশিক্ষণ প্রদান ও মাস্টার ক্র্যাফটসম্যান তৈরীতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হবে; এবং

৪.৭.৫ অর্থনৈতিক সম্পর্ক বিভাগ ও বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের সহযোগিতায় বিভিন্ন উন্নয়ন সংস্থার মাধ্যমে শিল্প ক্লাষ্টারসমূহে কারিগরি সহায়তা প্রদানে ডেভেলপম্যান্ট গ্রান্ট স্কীম চালু করা হবে।

৪.৮ **কৌশলগত লক্ষ্য ৮: কমন ফ্যাসিলিটি সেন্টার উন্নয়ন**

৪.৮.১ দেশের সকল হালকা প্রকৌশল (Light Engineering) ক্লাস্টারে কমন ফ্যাসিলিটি সেন্টার প্রতিষ্ঠা করা হবে যাতে করে গবেষণা ও উন্নয়নের জন্য প্রয়োজনীয় অবকাঠামোগত সুবিধা লাভে পর্যাপ্ত সরকারি-বেসরকারি সহায়তা পাওয়া যায়;

৪.৮.২ দেশের সকল কমন ফ্যাসিলিটি সেন্টারে হিট-ট্রিটমেন্ট, মেটাল টেস্টিং এবং আন্তর্জাতিক সংস্থা কর্তৃক স্বীকৃত হালকা প্রকৌশল (Light Engineering) পণ্যের সনদ ইত্যাদি সুবিধা নিশ্চিত করা হবে;

৪.৮.৩ উদ্ভাবন, প্রশিক্ষণ এবং গবেষণা সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে পণ্য উদ্ভাবন ও বিকাশকে উৎসাহিত করা হবে। এক্ষেত্রে কমন ফ্যাসিলিটি সেন্টারের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় ক্ষেত্রে বিশেষজ্ঞ নিয়োগ করা হবে;

৪.৮.৪ প্রযুক্তির বিকাশ ও পণ্যের বহুমুখীকরণের জন্য কমন ফ্যাসিলিটি সেন্টারের কার্যক্রমের যথাযথ পরিকল্পনা ও বাস্তবায়ন নিশ্চিতকল্পে বিটাক, বিসিক, বিসিএসআইআর, এসএমই ফাউন্ডেশন ও লাইট ইঞ্জিনিয়ারিং প্রোডাক্ট বিজনেস প্রোমোশন কাউন্সিল (এলইপিবিপিসি) সহ অন্যান্য সরকারি-বেসরকারি সংস্থার মধ্যে আন্তঃ সহযোগিতা জোরদার করা হবে; এবং

৪.৮.৫ কমন ফ্যাসিলিটি সেন্টারের যাবতীয় সেবা সুবিধা ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের সাশ্রয়ী মূল্যে প্রদান করা হবে। এ লক্ষ্যে বিটাকে বিশেষ উন্নয়ন স্কীম চালু করা হবে।

**৪.৯ কৌশলগত লক্ষ্য ৯: গুণগত মান নিশ্চিতকরণ ও সনদায়ন (Quality Assurance & Certification)**

৪.৯.১ হালকা প্রকৌশল (Light Engineering) শিল্পের চাহিদাভিত্তিক পরীক্ষা ও সার্টিফিকেশন সুবিধা নিশ্চিত করা হবে;

৪.৯.২ হালকা প্রকৌশল (Light Engineering) পণ্য পরীক্ষা ও তার গুণগত মান নিশ্চিতকরণে বিশেষ প্রকল্প ব্যবস্থাপনার মাধ্যমে কমন ফ্যাসিলিটি সেন্টারসমূহে আন্তর্জাতিক মান স্বীকৃত এক্রিডিটেড ল্যাবরেটরি স্থাপন করা হবে;

৪.৯.৩ হালকা প্রকৌশল (Light Engineering) শিল্পের উৎপাদনশীলতা বৃদ্ধি এবং গুণগতমান উন্নয়ন সক্ষমতা বিকাশের জন্য উদ্যোক্তা, শ্রমিক ও ক্লাষ্টারসমূহে প্রয়োজনীয় প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করা হবে। বিশেষ ক্ষেত্রে দক্ষ বিশেষজ্ঞ নিয়োগ করে এ প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে; এবং

৪.৯.৪ বাংলাদেশের হালকা প্রকৌশল (Light Engineering) পণ্যকে আন্তর্জাতিক মানে উন্নীতকরণে অংশীজনদের সক্ষমতা বৃদ্ধিতে আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ প্রদান করা হবে।

**৪.১০ কৌশলগত লক্ষ্য ১০: অর্থায়ন সুবিধা ও বিনিয়োগ পরিবেশ উন্নয়ন**

৪.১০.১ হালকা প্রকৌশল (Light Engineering) খাতে দেশি-বিদেশি বিনিয়োগ আকর্ষণ করার জন্য বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) সার্বিক সহযোগিতা প্রদান করবে;

৪.১০.২ হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প উন্নয়নের জন্য অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি) এর মাধ্যমে আগ্রহী উন্নয়ন অংশীদারদের নিবিড়ভাবে সম্পৃক্ত করা হবে;

৪.১০.৩ হালকা প্রকৌশল (Light Engineering) শিল্পে উৎপাদন ব্যবস্থা অব্যাহত রাখতে বাংলাদেশ ব্যাংকের মাধ্যমে সহজ শর্তে উদ্ভাবনী ঋণ প্রাপ্তিসহ সুলভ অর্থায়ন সুবিধা নিশ্চিতকরণে প্রয়োজনীয় উদ্যোগ নেয়া হবে;

৪.১০.৪ আর্থিক প্রতিষ্ঠান বিভাগের পৃষ্ঠপোষকতায় বিশেষ প্রকল্পের মাধ্যমে নির্ধারিত ও স্বল্প ব্যয়ের উদ্ভাবনী হালকা প্রকৌশল (Light Engineering) প্রকল্পের জন্য বিশেষ তহবিল গঠন করা হবে;

৪.১০.৫ স্থানীয় এবং আন্তর্জাতিক বাজারে চাহিদা রয়েছে এমন হালকা প্রকৌশল (Light Engineering) পণ্য উৎপাদন সহজীকরণে ভেনচার ক্যাপিটাল ফান্ড প্রতিষ্ঠার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হবে;

৪.১০.৬ হালকা প্রকৌশল (Light Engineering) পণ্য সরবরাহের নিশ্চিত কার্যাদেশ/ক্রেডিট অর্ডারের বিপরীতে স্বল্পমেয়াদী ঋণ প্রাপ্তি নিশ্চিতকরণে বাংলাদেশ ব্যাংকের মাধ্যমে প্রয়োজনীয় গাইডলাইন এবং বিজ্ঞপ্তি জারি করা হবে;

৪.১০.৭ হালকা প্রকৌশল (Light Engineering) শিল্পখাতে আকর্ষণীয় বিদেশি বিনিয়োগ (এফডিআই)কে উৎসাহিত করা হবে। বিদেশী বিনিয়োগকারীদের জন্য বিদ্যমান বিনিয়োগ প্রণোদনা হালকা প্রকৌশল (Light Engineering) শিল্পের ক্ষেত্রেও প্রযোজ্য হবে;

৪.১০.৮ হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প খাতে বিনিয়োগকারীদের দুর্ঘটনাজনিত বিবিধ ক্ষতি থেকে সুরক্ষা প্রদানের নিমিত্ত বীমার আওতায় আনয়ন করা হবে; এবং

৪.১০.৯ স্টার্টআপ ফান্ড হতে হালকা প্রকৌশল (Light Engineering) খাতের উদ্যোক্তাদের স্বল্প সুদে ঋণ প্রদান করা হবে। স্টার্টআপ ফান্ড হতে ঋণ পাওয়ার ক্ষেত্রে প্রয়োজনীয় যোগ্যতা অর্জনে উদ্যোক্তাদের মধ্যে সচেতনতা সৃষ্টি ও সহায়তা প্রদান করা হবে।

**৪.১১ কৌশলগত লক্ষ্য ১১: শিল্প প্রণোদনা**

৪.১১.১ হালকা প্রকৌশল (Light Engineering) শিল্পের বিকাশে প্রান্তিক পর্যায়ে প্রশিক্ষণ, প্রণোদনা প্যাকেজ, ঋণ, পণ্য উৎপাদন, বিপণনের ক্ষেত্রে সাপ্লাই চেইন ও ইকোসিস্টেম নিশ্চিত করার পদক্ষেপ গ্রহণ করা হবে;

৪.১১.২ হালকা প্রকৌশল (Light Engineering) শিল্পে ব্যবহারের লক্ষ্যে আমদানিতব্য কাঁচামাল, খুচরা যন্ত্রাংশ এবং অন্যান্য প্রয়োজনীয় উপাদানের কর এবং শুল্ক কাঠামো যুক্তিসঙ্গত করা হবে যাতে স্থানীয় হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প কারখানাসমূহ একটি শিল্পবান্ধব পরিবেশ পেতে পারে;

৪.১১.৩ স্থানীয় হালকা প্রকৌশল (Light Engineering) শিল্পসমূহকে সুরক্ষিত করার জন্য কর সম্পর্কিত বিধানাবলী হালনাগাদ করা হবে যাতে করে তারা প্রতিযোগিতামূলক পরিবেশে নিজেদের বিকশিত করতে পারে;

৪.১১.৪ Base Metal এর আমদানী শুল্ক যৌক্তিক ভিত্তিতে সর্বনিম্ন স্ল্যাবে নির্ধারণ করা হবে যাতে হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প খাতের তৈরি পণ্য ও মধ্যবর্তী পণ্যসমূহ প্রতিযোগিতামূলক পরিবেশে টিকে থাকতে পারে;

৪.১১.৫ হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প পণ্য উৎপাদনের গুরুত্বপূর্ণ উপাদান Base Metal Alloy এবং অন্যান্য কাঁচামাল আমদানির জন্য ভ্যাট অব্যাহতির বিষয়টি বিবেচনা করার জন্য জাতীয় রাজস্ব বোর্ডকে অনুরোধ জানানো হবে;

৪.১১.৬ হালকা প্রকৌশল (Light Engineering) পণ্যের তালিকা হালনাগাদকরণের মাধ্যমে রপ্তানি প্রণোদনার ক্ষেত্র সম্প্রসারণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হবে। এক্ষেত্রে শিল্প মন্ত্রণালয় মূল স্টেকহোল্ডারের সাথে পরামর্শক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

৪.১১.৭ রপ্তানি মানের উন্নত প্রযুক্তি সম্বলিত পণ্য উৎপাদনকারী হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প কারখানা প্রতিষ্ঠাজনিত বিনিয়োগকারীদের জন্য দীর্ঘ মেয়াদী কর অব্যাহতি (ট্যাক্স হলিডে) সুবিধা প্রদান করা হবে;

৪.১১.৮ হালকা প্রকৌশল (Light Engineering) শিল্পকে কমপ্লায়েন্স ও সবুজ শিল্প হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের Green Development Fund হতে ঋণ প্রদান করা হবে; এবং

৪.১১.৯ হালকা প্রকৌশল (Light Engineering) শিল্পে নারী উদ্যোক্তাদের হালকা প্রকৌশল শিল্প স্থাপন, প্রশিক্ষণ ও অন্যান্য সুবিধাদি প্রদানে নারী উদ্যোক্তাদের অগ্রাধিকার দেয়া হবে।

## অধ্যায়- ৫

## বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন

### ৫.১ প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা

৫.১.১ জাতীয় হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প উন্নয়ন কাউন্সিল:

জাতীয় পর্যায়ে নীতিমালার বাস্তবায়ন তদারকি ও মূল্যায়ন পর্যালোচনা করার উদ্দেশ্যে একটি জাতীয় হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প উন্নয়ন কাউন্সিল গঠন করা হবে।

জাতীয় হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প উন্নয়ন কাউন্সিল এর গঠন হবে নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| ১ | মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | চেয়ারম্যান |
| ২ | প্রতিমন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | ভাইস-চেয়ারম্যান |
| ৩ | গভর্নর ,বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| ৪ | নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) | সদস্য |
| ৫ | নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) | সদস্য |
| ৬ | সচিব, শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| ৭ | সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| ৮ | সচিব, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| ৯ | চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড | সদস্য |
| ১০ | সচিব, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |

| | | |
|---|---|---|
| ১১ | সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য |
| ১২ | সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ১৩ | সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সদস্য |
| ১৪ | সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| ১৫ | চেয়ারম্যান, বিসিআইসি | সদস্য |
| ১৬ | চেয়ারম্যান, বাংলাদেশ ট্যারিফ কমিশন | সদস্য |
| ১৭ | মহাপরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো | সদস্য |
| ১৮ | মহাপরিচালক, বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেষ্টিং ইন্সটিটিউট (বিএসটিআই) | সদস্য |
| ১৯ | চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) | সদস্য |
| ২০ | মহাপরিচালক, বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) | সদস্য |
| ২১ | মহাপরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য |
| ২২ | চেয়ারম্যান, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর) | সদস্য |
| ২৩ | রেজিস্ট্রার, পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর | সদস্য |
| ২৪ | ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন | সদস্য |
| ২৫ | পরিচালক, ইন্সটিটিউট অব এপ্রোপ্রিয়েট টেকনোলজি, বুয়েট | সদস্য |
| ২৬ | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ | সদস্য |
| ২৭ | অধ্যাপক/পরিচালক, এপ্রোপ্রিয়েন্ট টেকনোলজি ইনস্টিটিউট, BUET | সদস্য |
| ২৮ | সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (এফবিসিসিআই) | সদস্য |
| ২৯ | সভাপতি, বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রি ওনারস এসোসিয়েশন | সদস্য |
| ৩০ | সভাপতি, লাইট ইঞ্জিনিয়ারিং প্রোডাক্ট বিজনেস প্রমোশন কাউন্সিল | সদস্য |
| ৩১ | সভাপতি, জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি (নাসিব) | সদস্য |
| ৩২ | সভাপতি, এগ্রিকালচারার মেশিনারি ম্যানুফ্যাকচারার এসোসিয়েশন, বাংলাদেশ | সদস্য |
| ৩৩-৩৪ | হালকা প্রকৌশল সেক্টরের ০২ (দুই জন) বিশেষজ্ঞ (শিল্প মন্ত্রণালয় কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৩৫ | অতিরিক্ত সচিব (নীতি, আইন ও আস), শিল্প মন্ত্রণালয় | সদস্য-সচিব |

**কাউন্সিলের কার্যপরিধি:**

৫.১.২ জাতীয় হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প উন্নয়ন কাউন্সিল জাতীয় এবং সেক্টরাল উন্নয়ন নীতিমালামূহের সাথে এ নীতিমালার সংগতি সাধনে সহায়তা করবে এবং এই নীতিমালায় বর্ণিত বিভিন্ন কার্যক্রম সমন্বয় করবে;

৫.১.৩ কাউন্সিল জাতীয় ও আন্তর্জাতিক উদ্দেশ্যে জাতীয় অবস্থান এবং হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প উন্নয়ন সংক্রান্ত বিষয়গুলোর মধ্যে সমন্বয় সাধন করবে;

৫.১.৪ কাউন্সিল অর্থনীতির বিভিন্ন ক্ষেত্রে বর্তমান নীতিমালার প্রভাব পরিবীক্ষণ করবে;

৫.১.৫ জাতীয় উন্নয়ন অগ্রাধিকারসমূহের সাথে হালনাগাদ রাখার জন্য কাউন্সিল হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প উন্নয়ন নীতিমালা নিয়মিতভাবে পর্যালোচনা করবে;

৫.১.৬ কাউন্সিল প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে কিংবা আমন্ত্রণ জানাতে পারবে; এবং

৫.১.৭ কাউন্সিল ছয় মাস অন্তর নীতিমালার বাস্তবায়ন অগ্রগতি নিয়ে সভা করবে।

**৫.২ হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প উন্নয়ন নীতিমালা বাস্তবায়ন পরিষদ**

হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প উন্নয়ন কাউন্সিলের সুপারিশের আলোকে এ নীতিমালা বাস্তবায়নে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প উন্নয়ন নীতিমালা বাস্তবায়ন পরিষদ গঠন করা হবে:

| | | |
|---|---|---|
| ১ | সচিব, শিল্প মন্ত্রণালয় | সভাপতি |
| ২ | অতিরিক্ত সচিব (নীতি, আইন ও আস), শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| ৩ | অতিরিক্ত সচিব (জাহাজ পুনঃ প্রক্রিয়াজাতকরণ, বিরা, বেখা ও বিআইএম) শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| ৪ | অতিরিক্ত সচিব, অর্থবিভাগ | সদস্য |
| ৫ | অতিরিক্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| ৬ | অতিরিক্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ৭ | অতিরিক্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সদস্য |
| ৮ | অতিরিক্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | সদস্য |
| ৯ | অতিরিক্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | |
| ১০ | অতিরিক্ত সচিব, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| ১১ | সদস্য, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ | |
| ১২ | মহাপরিচালক, বিটাক | সদস্য |

| | | |
|---|---|---|
| ১৩ | চেয়ারম্যান, বিসিক | সদস্য |
| ১৪ | সদস্য, জাতীয় রাজস্ব বোর্ড | সদস্য |
| ১৫ | প্রতিনিধি, বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| ১৬ | এফবিসিসিআই এর প্রতিনিধি | সদস্য |
| ১৭ | সভাপতি, বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রি ওনার্স এসোসিয়েশন (বিইআইওএ) | সদস্য |
| ১৮ | সভাপতি, লাইট ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রি স্কিলস কাউন্সিল | সদস্য |
| ১৯ | সভাপতি, জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি (নাসিব) | সদস্য |
| ২০ | সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ | |
| ২১-২২ | দুই জন বিশিষ্ট হালকা প্রকৌশল শিল্প উদ্যোক্তা | সদস্য |
| ২৩ | উপ সচিব (নীতি), শিল্প মন্ত্রণালয় | সদস্য সচিব |

**বাস্তবায়ন পরিষদের কার্যপরিধি:**

৫.২.১ প্রতি তিন মাস অন্তর পরিষদ সভায় মিলিত হবে। জরুরি প্রয়োজনে যেকোন সময় সভা আহবান করা যাবে;

৫.২.২ কাউন্সিলের সুপারিশের আলোকে বাস্তবায়ন পরিষদ এই শিল্প খাতের বর্তমান শ্রমবাজার, কর্মপরিবেশ, স্বাস্থ্য ও নিরাপত্তা, অবকাঠামো বিনিয়োগ, অর্থায়ন, প্রণোদনা, তহবিল যোগান সর্বোপরি প্রণীত নীতিমালা বাস্তবায়ন এবং এর পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করবে;

৫.২.৩ কাউন্সিলের সুপারিশের আলোকে বাস্তবায়ন পরিষদ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে এবং সময়ে সময়ে বাস্তবায়ন অগ্রগতি সমন্বয় পরিষদকে অবহিত করবে; এবং

৫.২.৪ পরিষদ প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে কিংবা আমন্ত্রণ জানাতে পারবে।

**৫.৩ কারিগরি কমিটি**

বিষয়ভিত্তিক পর্যালোচনা ও সুনির্দিষ্ট প্রস্তাব/সুপারিশ প্রণয়নের জন্য শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (নীতি, আইন ও আস) এর নেতৃত্বে কারিগরি কমিটি গঠন করা হবে। প্রয়োজনীয়তার নিরিখে এই কমিটিতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/সংস্থার প্রতিনিধিকে সদস্য হিসাবে রাখা হবে।

**৫.৪ কার্যকর ব্যবস্থাপনা নিশ্চিতকরণ**

হালকা প্রকৌশল (Light Engineering) শিল্পের সুষ্ঠু বিকাশের লক্ষ্যে কার্যকর নীতি গ্রহণ ও পরিকল্পনা প্রণয়ন এবং কর্মপরিকল্পনা বাস্তবায়নে জরুরী পদক্ষেপ গ্রহণ করা হবে। নিয়মিত Monitoring ও রিভিউ কার্যক্রমের উপর অধিক গুরুত্ব আরোপ করা হবে। শিল্প মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয়, বিভাগ, এসোসিয়েশনসহ সকলের সাথে কার্যকর সমন্বয়ের ব্যবস্থা করা হবে।

**৫.৫ নীতিমালার পরিধি ও প্রয়োগ**

৫.৫.১ হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প উন্নয়ন নীতিমালা স্থানীয় ভিত্তিতে হালকা প্রকৌশল (Light Engineering) পণ্য উৎপাদন সম্প্রসারণ করতঃ দেশের জিডিপিতে শিল্প খাতের অবদান বৃদ্ধি এবং সরকারি ও বেসরকারি খাতের সমন্বয়ের মাধ্যমে অধিকতর কর্মসংস্থান সৃষ্টির উপর গুরুত্ব আরোপ করবে;

৫.৫.২ এ নীতিমালায় বর্ণিত হালকা প্রকৌশল (Light Engineering) শিল্পের সংজ্ঞা মৌলিক সংজ্ঞা হিসেবে বিবেচিত হবে এবং এ নীতিমালায় বিবৃত অপরাপর সংজ্ঞাও হালকা প্রকৌশল (Light Engineering) শিল্পের উন্নয়নে যুগপৎভাবে প্রয়োগযোগ্য হবে; এবং

৫.৫.৩ এ নীতিমালা সরকারি গেজেটে প্রকাশের তারিখ থেকে কার্যকর হবে এবং পরবর্তী নতুন নীতিমালা প্রণয়ন না হওয়া পর্যন্ত কার্যকর থাকবে।

**৫.৬ নীতিমালা পরিবর্তন/সংশোধন**

সরকার প্রয়োজনে যেকোন সময়ে এ নীতিমালার সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিবর্তন ও পরিবর্ধন করতে পারবে।

## অধ্যায়- ৬

## উপসংহার

বাংলাদেশের ক্ষুদ্র ও মাঝারি শিল্প ক্ষেত্রে হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প একটি গুরুত্বপূর্ণ এবং সম্ভাবনাময় খাত। দেশে টেকসই হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প প্রতিষ্ঠা নিশ্চিত করা এবং এ খাতের সার্বিক প্রতিযোগি সক্ষমতা অর্জনে সরকার সময়াবদ্ধ কর্ম পরিকল্পনা বাস্তবায়ন করবে।

## অধ্যায়- ৭

## সময়াবদ্ধ কর্ম-পরিকল্পনা

| ক্রঃ নং | কৌশলগত লক্ষ্য এবং বাস্তবায়ন নির্ধারণ | কার্যক্রমের প্রস্তাব | প্রধান বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর এজেন্সি | বাস্তবায়নকাল | সহযোগী বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর এজেন্সি |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | অবকাঠামোগত উন্নয়ন | ৪.১.১ অগ্রাধিকারের মাধ্যমে হালকা (Light Engineering) প্রকৌশল শিল্পের জন্য ইউটিলিটি সার্ভিস (গ্যাস, পানি এবং বিদ্যুৎ ইত্যাদি) নিশ্চিত করা হবে। | ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ/স্থানীয় প্রশাসন | ২০২২-২০২৭ | বিসিক/ বিইআইওএ/ এসোসিয়েশন |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| | | ৪.১.৪ উন্নত প্রযুক্তি ব্যবহার করে এ খাতের রফতানীযোগ্য বা আমদানী বিকল্প পণ্য উৎপাদন সংশ্লিষ্ট সম্ভাবনাময় শিল্প উদ্যোক্তাদের সহায়তা করণে বিসিকের উদ্যোগে প্রয়োজনীয় সংখ্যক ইন্ডাস্ট্রিয়াল সেড নির্মাণের কার্যক্রম গ্রহণ করা হবে। | বিসিক/শিল্প মন্ত্রণালয় | ২০২২-২০২৫ | বিইআইওএ/ এসোসিয়েশন |
| | | ৪.১.৫ হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প ক্লাষ্টার ও কারখানাগুলোতে ব্যবসায়িক যোগাযোগ উন্নতকরণে আইসিটি অবকাঠামোগত সুবিধার উন্নয়ন ঘটানো হবে। | আইসিটি/ শিল্প মন্ত্রণালয় | ২০২২-২০২৫ | বিসিক/ বিইআইওএ/ এসোসিয়েশন |
| ২ | প্রযুক্তির আধুনিকায়ন ও উন্নয়ন | ৪.২.২ চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা ও অধিকতর প্রতিযোগিতা সক্ষমতা অর্জন উপযোগী বিদ্যমান হালকা প্রকৌশল (Light Engineering) শিল্পে উন্নত ও আধুনিক প্রযুক্তির ব্যবহার সংক্রান্ত মূল্যায়ন (এসেসমেন্ট) কার্যক্রম গ্রহণের উদ্যোগ নেয়া হবে। | বিসিক/বিটাক/ বুয়েট/ শিল্প মন্ত্রণালয়/ বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়/ আইসিটি বিভাগ/ বিএসটিআই | ২০২২-২০২৩ | এলইপিবিপিসি/ বিইওআইএ/ বিসিক/ বিটাক |
| | | ৪.২.৪ গবেষণা প্রতিষ্ঠান ও প্রযুক্তি সহায়তা কেন্দ্রসমূহের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করা হবে যাতে হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প খাতের পণ্য উন্নয়ন ও উৎপাদন ব্যবস্থাপনা নিশ্চিত করা হবে। | বিসিক/বিটাক/ বুয়েট/ বিসিএসআইআর/ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | ২০২২-২০২৪ | এলইপিবিপিসি/ এসএমইএফ/ বিইআইওএ/ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ |
| | | ৪.২.৭ পণ্য উৎপাদনে উদ্ভাবন ও প্রযুক্তির উন্নয়নে প্রযুক্তি সংশ্লিষ্ট টেকনলজি ইন্সটিটিউট ও হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প কারখানার সাথে আন্তঃসহযোগিতা উৎসাহিত করা হবে। | বিসিক/বিটাক/ বুয়েট/বিসিএসআ-ইআর/ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | ২০২২-২০২৫ | এলইপিবিপিসি/ এসএমইএফ/ বিইআইওএ/ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| | | ৪.২.৮ নতুন উদ্যোক্তাদের উদ্ভাবনমূলক হালকা প্রকৌশল (Light Engineering) পণ্য উৎপাদন ও এ সংক্রান্ত প্রকল্প গ্রহণ উৎসাহিতকরণে প্রয়োজনীয় তহবিল যোগানে ভেঞ্চার ক্যাপিটাল ফান্ড গঠন করা হবে। | শিল্প মন্ত্রণালয়/ বিটাক/বিসিক/ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | ২০২২-২০২৪ | বিসিএসআইআর/ বিসিক/বিটাক/ বুয়েট/ বিইআইওএ/ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ |
| ৩ | অগ্র-পশ্চাৎ সংযোগ উন্নয়ন | ৪.৩.৩ বিটাক কর্তৃক বেসিক মেটাল বা এলোয় এর মাধ্যমে হালকা প্রকৌশল (Light Engineering) পণ্য উন্নয়ন সুবিধার্থে Raw material Bank স্থাপনের প্রয়োজনীয় উদ্যোগ নেয়া হবে। | বিটাক | ২০২২-২০২৫ | বিইআইওএ/ এসোসিয়েশন |
| | | ৪.৩.৫ স্থানীয়ভাবে প্রস্তুতকৃত হালকা প্রকৌশল (Light Engineering) পণ্যের বাই-ব্যাক (Buy-back) ব্যবস্থা-পনাও কর প্রনোদনার অন্তর্ভুক্ত হবে। | জাতীয় রাজস্ব বোর্ড | ২০২২-২০২৫ | বিটাক/বিসিক/ বেওয়া |
| ৪ | মানব সম্পদ উন্নয়ন | ৪.৪.১ দক্ষতা উন্নয়নে পাঠ্যক্রম, প্রশিক্ষণ উপকরণ পর্যালোচনা এবং উপযোগী করা হবে। | এনএসডিএ/ বিটিইবি | ২০২২-২০২৩ | বিইআইওএ/ এসোসিয়েশন |
| | | ৪.৪.৩ চতুর্থ শিল্প বিপ্লব এর চ্যালেঞ্জ মোকাবেলা উপযোগী হালকা প্রকৌশল (Light Engineering) পণ্য উৎপাদন বা প্রসেস সংক্রান্ত উন্নত প্রযুক্তির জ্ঞান আহরণে বিভিন্ন মেয়াদে প্রশিক্ষণ প্রদানে প্রয়োজনীয় অর্থায়ন নিশ্চিত করা হবে; | এনএসডিএ/ বিএমইটি/ডিটিই | ২০২২-২০২৪ | বিইআইওএ/ এসোসিয়েশন |
| | | ৪.৪.৬ সময়ে সময়ে প্রযুক্তিগতভাবে শক্তিশালী ও উন্নত দেশ থেকে বিশেষজ্ঞ এনে মাষ্টার ট্রেইনার তৈরীর কার্যক্রম গ্রহণ করা হবে। | শিল্প মন্ত্রণালয়/বিটাক /বিসিক/তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | ২০২২-২০২৩ | বিইআইওএ/ এসোসিয়েশন/ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ |
| ৫ | বাজার উন্নয়ন ও সম্প্রসারণ | ৪.৫.১ জাতীয় ও আন্তর্জাতিক বাজারে হালকা প্রকৌশল (Light Engineering) পণ্যের Made in Bangladesh ব্রান্ড তৈরী ও প্রসারে সহায়তা করা হবে। | বিসিক/এসএমই এফ/এলইপিবি পিসি/তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | ২০২২-২০২৫ | বিইআইওএ/ এসোসিয়েশন/ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| | | ৪.৫.৪ হালকা প্রকৌশল (Light Engineering) পণ্য ও সেবার প্রয়োজনীয় মান নিয়ন্ত্রণ ও কমপ্ল্যায়ান্স অনুসরণে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হবে। | বিসিক/বিটাক/ আইএটি-বুয়েট/তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ও বিএসটিআই | ২০২২-২০২২ | বিইআইওএ/ এসোসিয়েশন/ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ |
| | | ৪.৫.৫ ক্রমান্বয়ে আমদানী নির্ভরতা কমাতে স্থানীয় উৎপাদন ও বাজার সম্প্রসারণে উদ্যোগ নেয়া হবে। | ইপিবি/ এসএমইএফ/ এলইপিবিপিসি | ২০২২-২০২৫ | বিইআইওএ/ এসোসিয়েশন |
| ৬ | গবেষণা ও উন্নয়ন | ৪.৬.১ সম্ভাবনাময় হালকা প্রকৌশল (Light Engineering) শিল্পের তালিকা প্রস্তুত করার জন্য Mapping কার্যক্রম গ্রহণ করা হবে। | বিসিক/বিটাক/ বিসিএসআইআর/ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | ২০২২-২০২৫ | আইএটি-বুয়েট/ বিইআইওএ/ এসোসিয়েশন/ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ |
| | | ৪.৬.৩ বাংলাদেশ শিল্প গবেষণা পরিষদ, বিএসটিআই, বিটাক ও বিশ্ববিদ্যালয়সমূহের সহযোগিতায় বিভিন্ন টেকনলজিক্যাল ইন্সটিটিউটে ধাতব গবেষণা ল্যাবরেটরী (Metal Research Lab) স্থাপন করা হবে | বিসিক/বিটাক/ বিএসটিআই | ২০২২-২০২৪ | বিইআইওএ/ এসোসিয়েশন |
| | | ৪.৬.৫ হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প খাতে গবেষণা কার্যক্রম পরিচালনায় উৎসাহ প্রদানে গবেষণা ও উন্নয়ন তহবিল (রিসার্চ এন্ড ডেভেলপম্যান্ট ফান্ড) গঠন করা হবে। | বিসিক/বিটাক/ বাংলাদেশ ব্যাংক/ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | ২০২২-২০২৫ | বিইআইওএ/ এসোসিয়েশন/ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ |
| ৭ | শিল্প ক্লাষ্টার উন্নয়ন | ৪.৭.১ হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প খাতের প্রধান পণ্য ও সেবাসমূহ চিহ্নিত করে তাদের টেকসই উন্নয়ন নিশ্চিতকল্পে দেশব্যাপী সম্ভাব্য শিল্প ক্লাষ্টার স্থাপন করা হবে। | বিসিক/ এসএমইএফ | ২০২২-২০২২ | বিইআইওএ/ এসোসিয়েশন |
| ৮ | কমন ফ্যাসিলিটি সেন্টার উন্নয়ন | ৪.৮.১ দেশের সকল হালকা প্রকৌশল (Light Engineering) ক্লাস্টারে কমন ফ্যাসিলিটি সেন্টার প্রতিষ্ঠা করা হবে যাতে করে গবেষণা ও উন্নয়নের জন্য | বিসিক/বিটাক | ২০২২-২০২৩ | বিইআইওএ/ এসোসিয়েশন |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| | | প্রয়োজনীয় অবকাঠামোগত প্রয়োজনীয় সুবিধা লাভে পর্যাপ্ত সরকারি-বেসরকারি সহায়তা পাওয়া যায়। | | | |
| | | ৪.৮.৪ প্রযুক্তির বিকাশ ও পণ্যের বহুমুখীকরণ নিশ্চিতকল্পে বিটাক, বিসিক, বিসিএসআইআর, এলইপি বিপিসি,এসএমই ফাউন্ডেশনসহ অন্যান্য সরকারি-বেসরকারি সংস্থার মধ্যে আন্তঃ সহযোগিতা জোরদার করা হবে। | বিটাক/আইএটি-বুয়েট/বিসিক | ২০২২-২০২৫ | বিইআইওএ/ এসোসিয়েশন |
| ৯ | গুণগত মান নিশ্চিতকরণ ও সনদায়ন | ৪.৯.২ হালকা প্রকৌশল (Light Engineering) পণ্য পরীক্ষা ও তার গুণগত মান নিশ্চিতকরণে বিশেষ প্রকল্প ব্যবস্থাপনার মাধ্যমে কমন ফ্যাসিলিটি সেন্টারসমূহে আন্তর্জাতিক মান স্বীকৃত এক্রিডিটেড ল্যাবরেটরি স্থাপন করা হবে। | শিল্প মন্ত্রণালয়/ বিএসটিআই/ বিটাক/ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | ২০২২-২০২৪ | বিসিক/ বিইআইওএ/ এসোসিয়েশন/ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ |
| | | ৪.৯.৩ হালকা প্রকৌশল (Light Engineering) শিল্পের উৎপাদনশীলতা বৃদ্ধি এবং গুণগতমান উন্নয়ন সক্ষমতা বিকাশের জন্য উদ্যোক্তা, শ্রমিক ও ক্লাষ্টারসমূহে প্রয়োজনীয় প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করা হবে। | বিসিক/বিএসটি আই/বিটাক/ আইএটি-বুয়েট/তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | ২০২২-২০২৭ | বিইআইওএ/ এসোসিয়েশন/ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ |
| ১০ | অর্থায়ন সুবিধা ও বিনিয়োগ পরিবেশ উন্নয়ন | ৪.১০.৫ স্থানীয় এবং আন্তর্জাতিক বাজারে চাহিদা রয়েছে এমন হালকা প্রকৌশল (Light Engineering) পণ্য উৎপাদন সহজীকরণে ভেনচার ক্যাপিটাল ফান্ড প্রতিষ্ঠার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হবে। | অর্থ বিভাগ/ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ/ বাংলাদেশ ব্যাংক | ২০২২-২০২৫ | বিইআইওএ/ এসোসিয়েশন |
| | | ৪.১০.৬ হালকা প্রকৌশল (Light Engineering) পণ্য সরবরাহের নিশ্চিত কার্যাদেশ/ ক্রেডিট অর্ডারের বিপরীতে | বাংলাদেশ ব্যাংক | ২০২২-২০২৫ | এসএমইএফ/ বিইআইওএ/ এসোসিয়েশন |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| | | স্বল্পমেয়াদী ঋণ প্রাপ্তিনিশ্চিত করণে বাংলাদেশ ব্যাংকের মাধ্যমে প্রয়োজনীয় গাইডলাইন এবং বিজ্ঞপ্তি জারি করা হবে। | | | |
| | | ৪.১০.৮ হালকা প্রকৌশল (Light Engineering) শিল্প খাতে বিনিয়োগকারী-দের দুর্ঘটনাজনিত বিবিধ ক্ষতি থেকে সুরক্ষা প্রদানের নিমিত্ত বীমার আওতায় আনয়ন করা হবে। | বীমা উন্নয়ন কর্তৃপক্ষ | ২০২২-২০২৫ | বিইআইওএ/ এসোসিয়েশন/ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |
| ১১ | শিল্প প্রণোদনা | ৪.১১.৩ স্থানীয় হালকা (Light Engineering) প্রকৌশল শিল্পসমূহকে সুরক্ষিত করার জন্য কর সম্পর্কিত বিধানাবলী হালনাগাদ করা হবে যাতে করে তারা প্রতিযোগিতামূলক পরিবেশে নিজেদের বিকশিত করতে পারে। | শিল্প মন্ত্রণালয়/ জাতীয় রাজস্ব বোর্ড/ এফবিসিসিআই | ২০২২-২০২৫ | বিসিক/ বিইআইওএ/ এসোসিয়েশন |
| | | ৪.১১.৬ হালকা প্রকৌশল (Light Engineering) পণ্যের তালিকা হালনাগাদকরণের মাধ্যমে রপ্তানি প্রণোদনার ক্ষেত্র সম্প্রসারণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হবে। | বাণিজ্য মন্ত্রণালয়/ ইপিবি | ২০২২-২০২৫ | এসএমইএফ/ বিইআইওএ/ এসোসিয়েশন |
| | | ৪.১১.৯ হালকা প্রকৌশল (Light Engineering) শিল্পকে কমপ্লায়েন্স ও সবুজ শিল্প হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের সবুজ ফান্ড হতে ঋণ প্রদান করা হবে। | অর্থ বিভাগ/ বাংলাদেশ ব্যাংক | ২০২২-২০২৫ | বিইআইওএ/ এসোসিয়েশন/ শিল্প মন্ত্রণালয় |

জাকিয়া সুলতানা
সচিব
শিল্প মন্ত্রণালয়।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd